বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

মোবাইল ঃ
অফিস ঃ ০২-২২২২৩০০৪০-৪২

অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা)'র দপ্তর
ব্লক-এফ, লেভেল-৫, পানি ভবন, গ্রীন রোড, ঢাকা।
E-mail: adgpl.bwdb@gmail.com

Phone : 02-222230040-42
Office :02-222230040-42

স্মারক নং-৪২.০১.০০০০.০৩২.০৬.০০২.২১-৯৭ তারিখঃ ১৬-০৮-২০২১ খ্রিঃ

## দপ্তরাদেশ

"ভোলা জেলার মেঘনার মোহনায় চর স্থিতিশীলকরন ও ভূমি পুনরুদ্ধার" শীর্ষক প্রস্তাবিত পাইলট প্রকল্প প্রণয়নের লক্ষ্যে মাঠ পর্যায়ে পরিদর্শনপূর্বক হালনাগাদ তথ্য-উপাত্তের ভিত্তিতে সম্ভাব্যতা যাচাইপূর্বক সুপারিশমালাসহ সমীক্ষা সম্পাদন প্রতিবেদন তৈরির জন্য বহিঃসদস্যসহ বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে সুনির্দিষ্ট কার্যপরিধিসহ একটি সমীক্ষা সম্পাদন কমিটি গঠন করা হলো। কমিটি প্রয়োজনে যে কোন কর্মকর্তাকে সদস্য হিসেবে কো-অপ্ট করতে পারবে।

| ক্রমিক নং | কর্মকর্তাদের নাম ও পদবী | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ১। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পরিকল্পনা-২, বাপাউবো, ঢাকা। | আহবায়ক |
| ২। | জনাব এ এফ এম তৌহিদ জামান, নির্বাহী প্রকৌশলী, নকশা সার্কেল-২, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৩। | জনাব মু. আব্দুর রাকিব, নির্বাহী প্রকৌশলী, পরিকল্পনা-১, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৪। | জনাব গোলাম ফারুক আহমেদ, যুগ্ম-প্রধান পরিকল্পনার দপ্তর, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৫। | জনাব মোহাম্মদ আকবর হোসেন, সহ.প্রধান(পরিবেশ), প্রধান প্রকৌ. পরিকল্পনার দপ্তর, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৬। | আইডব্লিউএম, ঢাকা এর একজন উপযুক্ত প্রতিনিধি। | সদস্য |
| ৭। | সিইজিআইএস, ঢাকা এর একজন উপযুক্ত প্রতিনিধি। | সদস্য |
| ৮। | নির্বাহী প্রকৌশলী, ভোলা পওর বিভাগ-২, বাপাউবো, ভোলা। | সদস্য-সচিব |

**কমিটির কার্যপরিধিঃ**

(ক) সরজমিনে প্রকল্প সংশ্লিষ্ট এলাকা পরিদর্শন করে সংশ্লিষ্ট Stakeholder তথা স্থানীয় জনপ্রতিনিধিসহ স্থানীয় মৎস্য অধিদপ্তর এবং প্রশাসনের সাথে আলোচনাপূর্বক বিষয়ভূক্ত কার্যক্রমের যথার্থতা নিরূপণ করবেন;

(খ) প্রস্তাবিতএলাকার ভাঙ্গনের কারণ ও সকল নদী/খালসমূহের গতি প্রকৃতি (Morphological Change) Site Plan এ প্রদর্শনপূর্বক বিস্তারিত বর্ণনা ও তার জন্য প্রয়োজনীয় পরিকল্পনা প্রণয়ন করবেন।

(গ) প্রস্তাবিত এলাকায় সকল নদী/খালসমূহের পুনরুদ্ধার ও সুষ্ঠু ব্যবস্থাপনার নিরিখে মেঘনা মোহনায় ভূমি পুনরুদ্ধার ও চর স্থিতিশীলকরন কাজ বাস্তবায়ন এবং মোহনা সংশ্লিষ্ট নদী/খালসমূহের (channels) নাব্যতা ও প্রবাহ বৃদ্ধিকল্পে অপ্রয়োজনীয় চর অপসারণ/খনন/পুনঃখনন কাজের সংস্থান, বিদ্যমান অবকাঠামোসমূহের পুনর্বাসন এবং অন্যান্য কাজের বা অবকাঠামো নির্মাণ/ পুনঃনির্মাণের প্রয়োজন হলে তার যৌক্তিকতা নির্ধারণ করে সুপারিশ পেশ করবেন;

(ঘ) খনন/পুনঃখনন/ড্রেজিং কাজের Dredged Material ব্যবস্থাপনা সম্পর্কিত পরিকল্পনা ও নকশা (স্কেচ ম্যাপ) সংযোজনপূর্বক সুনির্দিষ্ট সুপারিশমালাসহ Dredged Material এর ব্যবহার, পরিমাণ ও ব্যয় নিরূপণ করবেন।

(ঙ) প্রযোজ্য ক্ষেত্রসমূহে কৃষি, বনায়ন, শিল্প, নেভিগেশন সেক্টরসহ মৎস্য ও জলজ প্রাণী এবং পাখি সংরক্ষণসহ সার্বিক জীব-বৈচিত্র্যের উপর প্রকল্পের প্রভাব সম্পর্কে সুস্পষ্ট মতামত প্রদান করবেন এবং প্রকল্প সংশ্লিষ্ট এলাকার সৌন্দর্য বৃদ্ধির জন্য দৃষ্টি নন্দন ওয়াকওয়ে, সিড়ি/ঘাট, ওয়াশরুম ও বেঞ্চ নির্মাণ, তীর বরাবর পার্ক নির্মাণ ও গাছপালা রোপণসহ সম্ভাব্য উপায়সমূহ সুপারিশ করবেন;

(চ) বাপাউবো'র চলতি রেট সিডিউল ও জলবায়ু পরিবর্তনের বিষয়টি বিবেচনায় নিয়ে সংশ্লিষ্ট এলাকার জন্য প্রযোজ্য নকশা অনুসারে প্রস্তাবিত ভৌত কাজসমূহের যথার্থতা নিরূপণ করে ব্যয় প্রাক্কলন প্রস্তুত করবেন এবং উক্ত প্রাক্কলন/নকশা প্রতিবেদনের সাথে সংযোজন করবেন;

(ছ) প্রকল্পটি বা এর কোন অঙ্গ শীঘ্র বাস্তবায়িত, চলমান বা বাস্তবায়নের জন্য প্রক্রিয়াধীন প্রকল্পের সাথে সম্পর্কযুক্ত হলে যথাযথ প্রমাণকসহ করণীয় বিষয়ে সুপারিশ পেশ করবেন।

(জ) কারগরি দিক বিবেচনায় প্রস্তাবিত কাজগুলো Sustainable হবে কিনা সে বিষয়ে সুস্পষ্ট মতামত প্রদান করবেন;

(ঝ) প্রস্তাবিত কাজের জন্য সম্ভাব্য ব্যয় ও কি পরিমাণ সাশ্রয় হবে তা (টাকায় ও সম্পদে) নিরূপণ করবেন;

(ঞ) প্রস্তাবিত প্রকল্প গ্রহণ আর্থিক দৃষ্টিকোণ থেকে যুক্তিযুক্ত কিনা তা নিরূপণ করবেন;

(ট) প্রকল্প বাস্তবায়নের ফলে পরিবেশগত বিরূপ প্রভাব বিশ্লেষণ ও ঋণাত্মক প্রভাব নিরাময়ের সম্ভাব্য উপায়সমূহ নিরূপণপূর্বক পরিবেশ সংক্রান্ত সমন্বিত প্রতিবেদন প্রণয়ন ও সংযুক্ত করবেন;

(ঠ) বর্ণিত স্থান রঙ্গিনসূচক ম্যাপ-এ প্রদর্শন করবেন;

(ড) কমিটি WARPO Guidelines অনুসরণ করবেন।

২। কমিটি প্রধান পরিকল্পনা, বাপাউবো, ঢাকা দপ্তর হতে স্মারক নং-১০৫২ তারিখঃ ২৪-১১-২০১৯ খ্রিঃ এর মাধ্যমে জারীকৃত ফরম্যাট অনুযায়ী সুনির্দিষ্ট কার্যক্রমের সুপারিশমালাসহ সমীক্ষা প্রতিবেদন এ আদেশ জারীর পরবর্তী ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে ৩(তিন) প্রস্থে অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা) মহোদয়ের দপ্তরে দাখিল করবেন।

৩। মূল প্রতিবেদনের Soft Copy (Text) অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা) মহোদয়ের adgpl.bwdb@gmail.com ঠিকানায় E-mail যোগে প্রেরণ করবেন।

৪। মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

১৬.০৮.২১

(মোঃ সামিউল ইসলাম খান)
উপ-সচিব (পরিকল্পনা)
বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
ঢাকা।

চলমান পৃষ্ঠা-২

বিতরণ (জ্ঞাতার্থে ও কার্যার্থে) (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)ঃ

১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পরিকল্পনা-২, বাপাউবো, ঢাকা।
২। জনাব এ এফ এম তৌহিদ জামান, নির্বাহী প্রকৌশলী, নকশা সার্কেল-২, বাপাউবো, ঢাকা।
৩। জনাব মু. আব্দুর রাকিব, নির্বাহী প্রকৌশলী, পরিকল্পনা-১, বাপাউবো, ঢাকা।
৪। জনাব গোলাম ফারুক আহমেদ, যুগ্ম-প্রধান পরিকল্পনার দপ্তর, বাপাউবো, ঢাকা।
৫। জনাব মোহাম্মদ আকবর হোসেন, সহ.প্রধান(পরিবেশ), প্রধান প্রকৌ. পরিকল্পনার দপ্তর, বাপাউবো, ঢাকা।
৬। নির্বাহী পরিচালক, আইডব্লিউএম, ঢাকা। একজন উপযুক্ত প্রতিনিধি মনোনয়নের অনুরোধসহ।
৭। নির্বাহী পরিচালক, সিইজিআইএস, ঢাকা। একজন উপযুক্ত প্রতিনিধি মনোনয়নের অনুরোধসহ।
৮। নির্বাহী প্রকৌশলী, ভোলা পওর বিভাগ-২, বাপাউবো, ভোলা।

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)ঃ

১। প্রধান প্রকৌশলী (পুর), পরিকল্পনা, বাপাউবো, ঢাকা।
২-৩। প্রধান প্রকৌশলী, দক্ষিণাঞ্চল/নকশা, বাপাউবো, বরিশাল/ঢাকা।
৪। যুগ্ম-প্রধান, যুগ্ম-প্রধান পরিকল্পনা'র দপ্তর, বাপাউবো, ঢাকা।
৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পরিকল্পনা-১, বাপাউবো, ঢাকা।
৬। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ভোলা পওর সার্কেল, বাপাউবো, ঢাকা/ ভোলা।
৯। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। **বাপাউবো'র ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ।**
১০। সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
১১-১২। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা/ওয়েস্টার্ন রিজিয়ন), বাপাউবো, ঢাকা।

ডায়েরী নং ২৪৪ ◆ তারিখঃ
প্রোগ্রামার ১/২ ◆ জরুরী
সহকারী প্রোগ্রামার ১/২/৩/৪ ◆ প্রয়োজনীয় ব্যবস্থা নিন
নেটওয়ার্ক প্রকৌশলী ◆ নথিতে পেশ করুন
অফিস সহকারী ◆ নথিতে রাখুন
◆ তাগিদ পত্র দিন
সিনিয়র সিস্টেম এনালিস্ট
কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা